কুষ্টিয়ায় খাল থেকে ভেসে উঠল ইজিবাইক চালকের লা*শ

নিখোঁজের ১১ দিন পর শাহিনুল হক লিটন নামে এক ইজিবাইক চালকের অর্ধগলিত লাশ খাল থেকে উদ্ধার করেছে পুলিশ। আজ মঙ্গলবার সকালে কুষ্টিয়া বাইপাস রোড সংলগ্ন একটি খাল থেকে লাল গেঞ্জি, জিন্স প্যান্ট পরা তার লাশ উদ্ধার করা হয়।

নিহত শাহিনুল হক লিটন সদর উপজেলার হাউজিং এস্টেটের মৃত ইজাজুল হকের ছেলে। পেশায় তিনি ছিলেন একজন ইজিবাইক চালক।

লিটনের স্বজনরা জানান, গত ১৮ মে বিকেলে তার ব্যক্তিগত ইজিবাইক নিয়ে ভাড়া বাড়ি থেকে বের হন লিটন। এরপর থেকেই নিখোঁজ ছিলেন তিনি। আজ মঙ্গলবার সকালে খবর পেয়ে কুষ্টিয়া বাইপাস সড়ক এলাকা থেকে এক যুবকের লাশ উদ্ধার করে পুলিশ। পরে লিটনের পরিবারের লোকজন গিয়ে লাশটি লিটনের বলে শনাক্ত করেন।

মিরপুর থানার ওসি মোস্তফা হাবিবুল্লাহ বলেন, কুষ্টিয়ার বাইপাস সড়কের রোজ হলিডে পার্ক সংলগ্ন জিকে খালে একটি লাশ ভাসতে দেখা যায়। স্থানীয় লোকজন ওই ব্যক্তির লাশ দেখলেও তাকে কেউ চিনতে পারেনি। পরে খবর পেয়ে পুলিশ লাশটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠায়।

তিনি আরো বলেন, লাশ দেখে মনে হচ্ছে কয়েকদিন আগেই খালের মধ্যে কচুরিপানার নিচে ফেলে রাখা হয়েছিল। ওই লাশটি অর্ধগলিত অবস্থায় পাওয়া গেছে। তার শরীরে লাল গেঞ্জি, জিন্স প্যান্ট পরা ছিল। তবে এই লাশটি কুষ্টিয়া শহরের হাউজিং-এ ব্লক এলাকার অটোরিকশা চালক শাহিনুল হক লিটনের হতে পারে বলে তার পরিবার ও প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। ডিএনএ টেস্টের পরই নিহতের পরিচয় শনাক্ত করা সম্ভব হবে।